পরিবার পরিকল্পনা কার্যক্রমে ডিজিটাল মটিভেশনঃ

জাতীয় জনসংখ্যা নীতি অনুযায়ী পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কার্যক্রমের পরিধি- পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য, কিশোর-কিশোরী প্রজনন স্বাস্থ্য সেবা এবং পুষ্টি সেবা। উক্ত সেবা কার্যক্রম  মানুষের দোরগোড়ায় পৌঁছে দেয়ার জন্য কমিউনিটি পর্যায়ে পরিবার কল্যাণ সহকারী ও তাদের সুপারভাইজার হিসেবে পরিবার পরিকল্পনা পরিদর্শক কাজ করে যাচ্ছেন। এছাড়া সেবা কেন্দ্র পর্যায়ে এসএসিএমও এবং এফডব্লিউভি কাজ করছেন। এসকল সেবা প্রদানকারীগণের কাউন্সিলিং সেবা একটি গুরুত্বপূর্ন কাজ। উক্ত কাউন্সিলিং সেবা প্রদানে ডিজিটাইজেশন করা একান্তই প্রয়োজন। এরফলে মাঠ ও সেবা কেন্দ্র পর্যায়ে ডিজিটাল ইটুলকিট ব্যবহার করে মটিভেশন কার্যক্রমে আধুনিকায়ন করা সম্ভব। ইটুলকিট ব্যবহারের ফলে সঠিক তথ্য একইভাবে সেবা গ্রহণকারীদের মাঝে ছড়িয়ে পড়বে। ইটুলকিট এর ডিজিটাল কনটেন্টট ডিভাইসের মাধ্যমে মানুষের নিকট তথ্য শেয়ার করা যাবে। পরিবার পরিকল্পনা পরিদর্শক সপ্তাহে একদিন পরিবার কল্যাণ কেন্দ্র পর্যায়ে কেন্দ্র স্বাস্থ্য শিক্ষা ডিজিটাল কনটেনন্ট ব্যবহার করে প্রদান করবেন। এছাড়া স্কুল পর্যায়ে সপ্তাহে একদিন এসএসিএমও এবং পরিবার পরিকল্পনা পরিদর্শক ডিজিটাল কনটেন্ট ব্যবহার করে প্রাতিষ্ঠানিক স্বাস্থ্য শিক্ষা প্রদান করবেন।


পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কার্যক্রম কে অগ্রীম ভ্রমনসূচি তৈরিতে ফোকাস করতে হবে। Family Planning-Mother Child Health- Adolescent Reproductive Health- Nutrition সংক্ষেপে FP-MCH-ARH-N কে ফোকাস করে অগ্রীম ভ্রমনসুচি তৈরি করতে হবে। সে অনুযায়ী সুপারভাইজারগণ নিজ নিজ অগ্রীম ভ্রমনসূচি প্রনয়ন করবেন। অগ্রীম ভ্রমনসূচিতে একটি Standard ফরমেট উপজেলা থেকে তৈরি করতে হবে। এছাড়া উপজেলা জেলা পর্যায়ে ফেসবুক গ্রুপ/ ফেসবুক একাউন্টে পোস্ট প্রদান করে  কার্যক্রম দৃশ্যমান করার প্রচেষ্টা থাকতে হবে। ক্লায়েন্টের গোপনীয়তা নষ্ট ক্ষুন্ন না করে পোস্ট প্রদান করা যায়। যেমনঃ উঠান বৈঠক, স্কুল স্বাস্থ্য, স্যাটেলাইট ক্লিনিক ইত্যাদির দলীয় চিত্র। ইহাতে পরিবার পরিকল্পনা কার্যক্রমের সুনাম বৃদ্ধি পাবে।

ডিজিটাল কনটেন্ট ব্যবহারে নিম্ন লিখিত প্রসিডিউর অনুসরণ করুন:


১। Google  থেকে hpn etoolkit সার্স করুন।

২। DG health এর ওয়েবে প্রদত্ত লিংকে প্রবেশ করুন। (http://etoolkits.dghs.gov.bd/bangladesh-toolkits)


৩। প্রদর্শিত ল্যান্ডিং পেইজে তিনটি বড় অপশন থাকবে।





৪। উক্ত অপশন থেকে পরিবার পরিকল্পনা বিভাগীয় কার্যক্রম যেমনঃ স্বাস্থ্য অংশ থেকে কিশোর কিশোরী স্বাস্থ্য, মা-শিশু স্বাস্থ্য এ প্রবেশ করে প্রযোজনীয় ডিজিটাল ইটুলকিট ডাউনলোড করে ব্যবহার করা যাবে। অনুরুপভাবে পরিবার পরিকল্পনা এবং পুষ্টি বিষয়ে তথ্য ডাউনলোড করে কাউন্সিলিং সেবা কে আধুনিকায়ন করতে হবে।




৫। স্বাস্থ্য অংশে প্রবেশ করে মা-শিশু ও কিশোর-কিশোরী স্বাস্থ্য সিলেক্ট করে কনটেন্ট সমূহ ব্যবহারের জন্য নিজ নিজ ফোনে ডাউনলোড করে নিতে হবে।




৬। মা –শিশু স্বাস্থ্য সেবা অংশ থেকে ক্লিক করে ভিতরে প্রবেশ করলে এএনসি, পিএনসি সেবা সম্পর্কীয় কনটেন্টসমূহ পাওয়া যাবে।




৭। মূল মেনুতে গিয়ে পরিবার পরিকল্পনা অংশে প্রবেশ করলে পরিবার পরিকল্পনা বিষয়ক ডিজিটাল কনটেন্ট প্রদর্শিত হবে। অনুরুপভাবে কাংখিত চ্যাপ্টারে প্রবেশ করে ডিজিটাল কনটেন্ট পাওয়া যাবে।



৮। মূল মেনু থেকে এ পর্যায়ে পুষ্টি অংশে প্রবেশ করে পুষ্টি সম্পর্কীয় যাবতীয় ডিজিটাল কনটেন্ট সংগ্রহ করা যায়।




এভাবে ডিজিটাল কনটেন্টসমূহ ব্যবহারের ফলে কাউন্সিলিং তথা মটিভেশন প্রক্রিয়া ডিজিটালভাবে করতে হবে। বিভিন্ন ডিজিটাল কনটেন্টসমূহ নিজ নিজ ফেসবুক একাউন্ট, ফেসবুক গ্রুপ, ফেসবুক পেইজে ব্যবহার করে জনসচেতনতা তৈরি করা যায়। এছাড়া ডিজিটাল কনটেন্ট সমূহ সেবা গ্রহণকারীদের মোবাইল ডিভাইসে শেয়ার করে দেয়া যায়। এভাবে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে সেবা প্রদানে নিজ নিজ অবদান রাখুন।